# নিউজলেটার




বর্ষ ০১, সংখ্যা ০৩ । সেপ্টেম্বর ২০২৪

## বাংলাদেশ জামায়াতে ইসলামী
## ঢাকা মহানগরী দক্ষিণ

# হিন্দুদের মন্দিরের নিরাপত্তায় নিয়োজিত জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণ




বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণ শাখা সদ্য বিদায়ী স্বৈরাচার খুনি হাসিনা সরকারের পতন পরবর্তী দেশের বিদ্যমান অস্থিরতায় সংখ্যালঘুদের নিরাপদে রাখা এবং সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখতে রাজধানী ঢাকার হিন্দু বৌদ্ধ খ্রিস্টানদের সকল মন্দির, গীর্জায় পাহারা দিয়ে নিরাপত্তায় নিয়োজিত রয়েছে।

তারই অংশ হিসেবে নগরীর পুরান ঢাকার প্রাচীনতম মন্দির “জয়কালি মন্দির” পরিদর্শন করেন বাংলাদেশ জামায়াতে ইসলামী ওয়ারী পূর্ব থানার আমীর মুতাসিম বিল্লাহ, সূত্রাপুর থানা আমীর দাইয়ান সালেহীন, ওয়ারী পশ্চিম থানার আমীর মাহফুজুর রহমান, এম করিম বাবু, ওয়ার্ড সভাপতি জাহাঙ্গীর হোসেন সহ অন্যান্য স্থানীয় জামায়াতের নেতৃবৃন্দ।

# ঢাকেশ্বরী মন্দির পরিদর্শনকালে আমীরে জামায়াত



## “শুধু মন্দির নয়, কোনো ব্যক্তি যদি নিরাপত্তাহীন মনে করেন আমরা তাদের পাশে দাড়াবো।” - আমীরে জামায়াত ডা. শফিকুর রহমান

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমীর ডা. শফিকুর রহমান বলেছেন, ৫ আগস্টের পরপরই প্রথমত দেশবাসী ও দলের নেতাকর্মীদের প্রতি আহ্বান জানিয়েছিলাম, মন্দির বা ভিন্ন ধর্মাবলম্বিদের উপাসনালয়ে পাহারা দেয়ার জন্য। শুধু মন্দির নয়, কোনো ব্যক্তিও যদি নিরাপত্তাহীন মনে করেন, তার পাশেও দাঁড়ানোর আহ্বান জানিয়েছি। আমরা কোনো হিংস্রতা সৃষ্টি করতে দিবো না। তিনি বলেন, বাংলাদেশে কোনো সংকট তৈরি হলে দুস্কৃতিকারীরা অপকর্ম করে অন্যের ঘাড়ে চাপিয়ে দেয়। সংকটকালে প্রতিপক্ষকে ঘায়েল করা কাপুরষতা মাত্র। তবে যারা অপরাধের সাথে জড়িত তাদের আইনের আওতায় আনতে হবে। তিনি বলেন, কারো বাহবা নেয়া বা রাজনৈতিক ফায়দা নেয়ার জন্য আমরা আপনাদের পাশে দাড়াই নি। মানুষ হিসেবে, নাগরিক দায়িত্বের অংশ হিসেবে পাশে দাড়িয়েছি। তিনি বলেন, এই দেশ আমাদের সকলের। আমরা সংখ্যালঘু, সংখ্যাগুরু মানি না। বাংলাদেশে যারা জন্মগ্রহন করেছে তারা সবাই দেশের গর্বিত নাগরিক। নাগরিক সুবিধা পেতে ধর্ম কোন বাধা হতে পারে না। কারো ধর্ম কারো উপর চাপিয়ে দেয়া যায় না। তিনি উল্লেখ করেন, যে যেই দলই করুক না কেন, সবাই নাগরিক অধিকার ভোগ করবে। বৃহস্পতিবার রাজধানীতে ঢাকেশ্বরী মন্দির পরিদর্শনকালে তিনি এ কথা বলেন।

# ঢাকা মহানগরী দক্ষিণ জামায়াতের দায়িত্বশীল সমাবেশ অনুষ্ঠিত




## ছাত্র-জনতার অভ্যুত্থানের সুফল জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে অতন্দ্র প্রহরীর ভূমিকা পালন করতে হবে- নূরুল ইসলাম বুলবুল

বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর নূরুল ইসলাম বুলবুল বলেন, ক্ষমতার মোহ স্বৈরাচারী শেখ হাসিনা ও তার প্রশাসনকে অন্ধ করে দিয়েছিল। আওয়ামী সরকার বুঝে গিয়েছিল এদেশে তাদের আর স্বাভাবিক রাজনীতি করার কোনো সুযোগ নেই। তাই ছাত্রলীগ, যুবলীগ সহ সকল সন্ত্রাসী গোষ্ঠীকে মাঠে নামিয়ে তারা এদেশে ত্রাসের রাজত্ব কায়েম করেছিলো। তারা রাষ্ট্র শক্তিকে ব্যবহার করে জনগণের নিরাপত্তার পরিবর্তে গণহত্যা চালিয়ে এক বিভীষিকাময় পরিস্থিতির সৃষ্টি করেছিলো। অত্যন্ত নির্দয়ভাবে ছাত্র জনতার বুকে গুলি চালিয়ে শহীদদের রক্তের উপরে নিজেদের ক্ষমতাকে প্রলম্বিত করতে চেয়েছিল। এমনকি পতন হওয়ার আগের দিনও এই ফ্যাসিস্ট শেখ হাসিনার নির্দেশে বাংলাদেশে শতাধিক মানুষকে নির্মমভাবে হত্যা করা হয়েছে। ৫ আগস্ট ছাত্র জনতা যখন বিজয় মিছিল করছে তখনও আওয়ামী প্রশাসন ও সন্ত্রাসীরা মানুষ হত্যা করেছে। প্রতিটি হত্যার বিচার করা হবে, তা রাষ্ট্রের নৈতিক দায়িত্ব। আমাদের ভুলে গেলে চলবে না, অসংখ্য শহীদের রক্তের ওপরে দাঁড়িয়ে আমরা নতুন এক স্বাধীন বাংলাদেশ পেয়েছি। আমাদের এসব শহীদদের যথাযথ মর্যাদা দিয়ে দেশ গড়ার কাজে অগ্রণী ভূমিকা পালন করতে হবে।

বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের থানা ও পেশাজীবী বিভাগীয় দায়িত্বশীল সমাবেশে সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন।

১৪ আগস্ট ২০২৪ | নিউজলেটার সেপ্টেম্বর ২০২৪

# আমীরে জামায়াত ডা. শফিকুর রহমানের সাথে জাকের পার্টির মতবিনিময় সভা অনুষ্ঠিত



## কোনো অঘটন ঘটিয়ে দেশে অস্থিরতা সৃষ্টির সুযোগ আমরা কাউকে দেবো না -ডা. শফিকুর রহমান

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমীর ডা. শফিকুর রহমানের সাথে জাকের পার্টির কেন্দ্রীয় নেতৃবৃন্দের আজ এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ১৬ই আগষ্ট শুক্রবার বিকেল ৪:০০টায় রাজধানীর পল্টনস্থ ঢাকা মহানগরী দক্ষিণ কার্যালয়ের কনফারেন্স রুমে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন জামায়াতে ইসলামীর সেক্রেটারী জেনারেল ও সাবেক সংসদ সদস্য অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার, জাকের পার্টির মহাসচিব শামীম হায়দার, জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর মু. নূরুল ইসলাম বুলবুল, কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ, কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য যথাক্রমে ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর আব্দুস সবুর ফকির, এডভোকেট ড. হেলাল উদ্দিন, ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি দেলাওয়ার হোসেন, মুহাম্মদ কামাল হোসাইন, ড. আব্দুল মান্নান, জাকের পার্টির কেন্দ্রীয় নেতা এডভোকেট আবু লতিফ খান সহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

১৬ আগস্ট ২০২৪ | নিউজলেটার সেপ্টেম্বর ২০২৪

# মহানগরী আমীর নূরুল ইসলাম বুলবুলের শ্বাশুড়ীর ইন্তেকালে ঢাকা মহানগরী দক্ষিণ জামায়াতের শোক



বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর নূরুল ইসলাম বুলবুল এর শ্বাশুড়ী আনোয়ারা বেগমের ইন্তেকালে গভীর শোক প্রকাশ করেছেন কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর আব্দুস সবুর ফকির ও অ্যাডভোকেট ড. হেলাল উদ্দিন এবং কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ।



## গণ-অভ্যুত্থানের শহীদ পরিবারের মাঝে ঢাকা মহানগরী দক্ষিণ জামায়াতের আর্থিক অনুদান প্রদান

বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে বৈষম্য বিরোধী ছাত্র জনতার গণঅভ্যুত্থানে শহীদ সাংবাদিক মেহেদী হাসান ও শহীদ জাহাঙ্গীরের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান ও দোয়া অনুষ্ঠান

১৭ আগস্ট ২০২৪ | নিউজলেটার সেপ্টেম্বর ২০২৪

# গণ অভ্যুত্থানে শহীদ পরিবারের সদস্যদেরকে ঢাকা মহানগরী দক্ষিণ জামায়াতের আর্থিক সহায়তা প্রদান




২০ আগস্ট ২০২৪

বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল ও সাবেক সংসদ সদস্য অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার বলেছেন, অসংখ্য ত্যাগ ও রক্তের বিনিময়ে দীর্ঘ ১৬ বছর ধরে দেশের মানুষের উপর জগদ্দল পাথরের মতো চেপে বসা স্বৈরাচার সরকারের পতন হয়েছে। এই আওয়ামী ফ্যাসিস্ট সরকার তার শাসনামলে কত মানুষকে হত্যা করেছে তার হিসাব করাও কঠিন।

## গণ অভ্যুত্থানে যাত্রাবাড়ী এলাকার শহীদ পরিবারে জামায়াতের আর্থিক অনুদান প্রদান

ছাত্র জনতার ওপর পৌশাচিক গণহত্যাকারীদের ইতিহাস কখনো ক্ষমা করবে না
- ডা. সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের



বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে শহীদ পরিবারের সদস্যদের সমবেদনা জ্ঞাপন, দোয়া ও আর্থিক অনুদান প্রদান অনুষ্ঠানে তিনি প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

২১ আগস্ট ২০২৪ | নিউজলেটার সেপ্টেম্বর ২০২৪

# ছাত্র–জনতার গণ অভ্যুত্থানে শহীদ পরিবারের মাঝে জামায়াতের আর্থিক অনুদান প্রদান




বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর মো. নূরুল ইসলাম বুলবুল বলেছেন, ছাত্র-জনতার দুর্বার গণ আন্দোলনে প্রিয় জন্মভূমি বাংলাদেশ আওয়ামী ফ্যাসিবাদি অপশক্তির কবল থেকে মুক্ত হয়েছে। রাষ্ট্রশক্তিকে ব্যবহার করে যারা নরপিশাচের মত ছাত্র জনতার হাজার হাজার লাশ ফেলেছে জাতি তাদের কখনোই ক্ষমা করবে না।

২২শে আগস্ট বৃহস্পতিবার, রাজধানীর গেন্ডারিয়ার সাইদ খোকন কমিউনিটি সেন্টারে বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে বৈষম্য বিরোধী ছাত্র জনতার আন্দোলনে শহীদ পরিবারের সদস্যদের সমবেদনা জ্ঞাপন, দোয়া ও আর্থিক অনুদান প্রদান অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে তিনি একথা বলেন।





# কদমতলী পূর্ব থানার কর্মী সম্মেলন




## দুর্নীতিবাজ গোষ্ঠী যেন আবারো মাথা চাড়া দিতে না পারে সেদিকে নজর রাখতে হবে- ড. শফিকুল ইসলাম মাসুদ

প্রশাসনে ভালো মানুষের বিচরণ না থাকলে আগাছার মত করেই সবখানে সন্ত্রাসী, চাঁদাবাজ, দুর্নীতিবাজেরা গজিয়ে উঠবে। তাই আমাদের সচেতন থাকতে হবে। জামায়াতের কর্মীদেরকে দৃঢ়তার সাথে ময়দানে থেকে জনগণের কল্যাণে কাজ করতে হবে। দেশ থেকে যে দুর্নীতিবাজ গোষ্ঠী পালিয়েছে তারা যেন আগমীতে আগাছার মত বেড়ে উঠতে না পারে সেদিকে বিশেষ নজর রাখতে হবে।

২৩ আগস্ট শুক্রবার সকালে রাজধানীর একটি মিলনায়তনে বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের কদমতলী পূর্ব থানার কর্মী সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। থানা আমীর আতিকুর রহমান এর সভাপতিত্বে সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি ড. আবদুল মান্নান, মহানগরী কর্মপরিষদ সদস্য সৈয়দ জয়নুল আবেদীন। থানা সেক্রেটারি ডাঃ রফিকুল আলমের সঞ্চালনায় আরোও উপস্থিত ছিলেন কদমতলী দক্ষিণ থানা আমীর ইঞ্জিনিয়ার হাবিবুর রহমান, থানা সেক্রেটারি ডাঃ রফিকুল আলম, কর্মপরিষদ সদস্য একাব্বর হোসেন, ইকবাল হোসাইন, নুরুল ইসলাম মনির, আতাউর রহমান সহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

# যাত্রাবাড়ী পূর্ব অঞ্চল জামায়াতের ওয়ার্ড দায়িত্বশীল সমাবেশ অনুষ্ঠিত




বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর আব্দুস সবুর ফকির বলেছেন, বাংলাদেশ জামায়াতে ইসলামী এদেশে একটি সফল ইসলামী বিপ্লবের স্বপ্ন দেখে। ঢাকা মহানগরী দক্ষিণ বাংলাদেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ সাংগঠনিক ও প্রশাসনিক এলাকা। এই ময়দানে যখন আল্লাহর দ্বীন বিজয়ের জন্য সবকিছু প্রস্তুত হয়ে যায় তখন সারাদেশে তা খুব দ্রুত সময়ের মধ্যে সফলতা চলে আসে। তাই সংগঠনের সে লক্ষ্য পূরণে ঢাকা মহানগরী দক্ষিণকে কঠিনভাবে চাষাবাদ করতে হবে। ছাত্র জনতার গণঅভ্যুত্থান পরবর্তী এই সময়ে রাষ্ট্র সংস্কার ও সমাজ পরিবর্তনে জামায়াতের ওয়ার্ড দায়িত্বশীলগণ হবেন নেতৃত্বদানকারী প্রথম ব্যক্তি।





# বাউফল উপজেলার বৈষম্য বিরোধী ছাত্র জনতার আন্দোলনে ১৫ জন গুলিবিদ্ধ গুরুতর আহতদের চিকিৎসায় ড. মাসুদের আর্থিক সহযোগিতা প্রদান





বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি, বাউফল উন্নয়ন ফোরামের চেয়ারম্যান ড. শফিকুল ইসলাম মাসুদ বৈষম্য বিরোধী ছাত্র জনতার আন্দোলনে বাউফলের আহত ভাইদের চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে আর্থিক সহযোগিতা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সবার হাতে আর্থিক অনুদান তুলে দেন।

# ঠাকুরগাঁও-এ বৈষম্য বিরোধী ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে নিহতদের জন্য দোয়া, আহতদের আশু সুস্থতা কামনা ও ছাত্র-জনতার ঐক্য সমাবেশ অনুষ্ঠিত






" ফ্যাসিস্ট স্বৈরাচার হাসিনার হাত থেকে বুকে গুলি ধারণ করে ছাত্র জনতা শহীদ হয়ে দেশকে মুক্ত করেছে" -মুহা. দেলাওয়ার হোসেন

# ২৬ আগস্ট। জামায়াতে ইসলামীর প্রতিষ্ঠাবার্ষিকী।

১৯৪১ সালের এই দিনে এই উপমহাদেশে ইসলামের পুনর্জাগরণের কর্মসূচী নিয়ে মাত্র ৭৫ জন নিয়ে প্রতিষ্ঠিত হয় জামায়াতে ইসলামী। সেই কাফেলা আজ সারা পৃথিবীতে কোটি কোটি মানুষের মধ্যে ছড়িয়ে পড়েছে। সুদীর্ঘ পথচলায় রয়েছে অনেক ত্যাগ, অনেক ইতিহাস।

বিদগ্ধ মুজাদ্দিদ, ইসলামী চিন্তাবিদ ও সংগঠক সাইয়্যেদ আবুল আ'লা মওদুদী র.-এর নেতৃত্বে এই আন্দোলন প্রতিষ্ঠিত হয়। সেই থেকে আজ পর্যন্ত সারা বিশ্বের অগণিত মানুষ এই আন্দোলনের মাধ্যমে ইসলামকে নিজ জীবনে ও সমাজে প্রতিষ্ঠিত করার শপথ নিয়ে যাচ্ছে।

## আনসার বাহিনীর কতিপয় দুর্বৃত্তদের হামলায় আহত বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম প্রধান সমন্বয়ক হাসনাত আব্দুল্লাহকে হাসপাতালে দেখতে যান আমীরে জামায়াত ডা. শফিকুর রহমান।





# চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসক ও পুলিশ সুপার কার্যালয়ে মতবিনিময় সভা করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষীনের আমীর ও চাঁপাইনবাবগঞ্জ-৩ আসনের জামায়াতে ইসলামী মনোনীত সংসদ সদস্য প্রার্থী জননেতা নুরুল ইসলাম বুলবুল।





চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসক জনাব এ.কে.এম গালিভ খাঁন ও পুলিশ সুপার জনাব মোঃ ছাইদুল হাসান, বিপিএম, পিপিএম-র কার্যালয়ে মতবিনিময় সভা করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষীনের আমীর ও চাঁপাইনবাবগঞ্জ-৩ আসনের জামায়াতে ইসলামী মনোনীত সংসদ সদস্য প্রার্থী জননেতা নুরুল ইসলাম বুলবুল।



## বাংলাদেশ জামায়াতে ইসলামী ও ইসলামী ছাত্রশিবিরকে নিষিদ্ধ করে জারি করা প্রজ্ঞাপন প্রত্যাহার করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়।




ছাত্র-জনতার আন্দোলন যখন তুঙ্গে সে সময় গত ১লা আগস্ট স্বৈরাচারী হাসিনা সরকার জামায়াত ও শিবিরের রাজনীতি নিষিদ্ধ করে প্রজ্ঞাপন জারি করে। এর মূল কারণ ছিল জামায়াত ও ছাত্রশিবির বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে সর্বাত্মক ভূমিকা রেখেছিলো। স্বাধীন দেশে স্বৈরাচারের সেই প্রজ্ঞাপন বাতিল হয়ে গেছে। দেশপ্রেমিক জনতার বিজয় হয়েছে।

## বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে শাহাদাত বরণকারী ছাত্রশিবিরের রাজশাহী মহানগরীর সাংগঠনিক সম্পাদক শহীদ আলী রায়হান এর কবর জিয়ারত ও পরিবারের সাথে সাক্ষাত করেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর নূরুল ইসলাম বুলবুল।





২৭ আগস্ট ২০২৪ | নিউজলেটার সেপ্টেম্বর ২০২৪

# রাজধানীর বংশাল ও লালবাগে শহীদ পরিবারের সদস্যদের মাঝে জামায়াতের আর্থিক সহায়তা প্রদান








## ছাত্র-জনতার অভ্যুত্থানে গণহত্যাকারীদের বিচার দেশীয় ও আন্তর্জাতিক আদালতে করতে হবে- নূরুল ইসলাম বুলবুল

বুধবার ২৮ আগস্ট রাজধানীর আজিমপুর এস্টেট জনকল্যান সমিতি কমিউনিটি সেন্টারে বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে বৈষম্য বিরোধী ছাত্র-জনতার আন্দোলনে শহীদ পরিবারের সদস্যদের মাঝে আর্থিক অনুদান প্রদান ও দোয়া অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ।

# জামায়াতে ইসলামী প্রতিহিংসার রাজনীতিতে বিশ্বাস করে না– নূরুল ইসলাম বুলবুল




## গণ অভ্যুত্থানের অর্জনকে কোনো অপশক্তি নষ্ট করতে চাইলে দেশপ্রেমিক নাগরিকেরা তা প্রতিহত করবে।

৩০ আগস্ট দুপুরে বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের সবুজবাগ পূর্ব থানার উদ্যোগে স্থানীয় একটি মিলনায়তনে আয়োজিত বিশিষ্ট ব্যক্তিবর্গের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

# গণঅভ্যুত্থানে শহীদদের স্মরণে রাজধানীতে বাউফল উন্নয়ন ফোরামের আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত

ছাত্র-জনতার শহীদদের রক্তের সাথে বেঈমানী করলে প্রতিদিনই ৫ ই আগস্ট ফিরে আসবে।
- ড. শফিকুল ইসলাম মাসুদ



# জামায়াতে ইসলামী হাজারিবাগ দক্ষিণ থানার ইউনিট দায়িত্বশীল কর্মশালা অনুষ্ঠিত






প্রধান অতিথি মহানগরী দক্ষিণের সংগ্রামী সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ, বিশেষ অতিথি মহানগরী দক্ষিণের কর্ম পরিষদ সদস্য আব্দুর রহমান। অনুষ্ঠাণে দারসুল কোরআন পেশ করেন অধ্যক্ষ মাওলানা কাজী জালাল উদ্দীন।

## মতিঝিল পূর্ব থানার উদ্যোগে ইউনিট দায়িত্বশীল শিক্ষা বৈঠক অনুষ্ঠিত




বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের মতিঝিল পূর্ব থানার উদ্যোগে ইউনিট সভাপতি-সেক্রেটারী ভাইদের নিয়ে স্থানীয় একটি মিলনায়তনে শিক্ষা বৈঠকে প্রধান অতিথি হিসেবে আলোচনা রাখেন কেন্দ্রীয় মজলিসে শুরার সদস্য, মহানগরী দক্ষিণের সম্মানিত নায়েবে আমীর জনাব আব্দুর সবুর ফকির।

# রাজধানীর হাজারীবাগ এলাকায় শহীদ পরিবারের মাঝে জামায়াতের আর্থিক অনুদান প্রদান




বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা রফিকুল ইসলাম খান শনিবার রাজধানীর হাজারীবাগ এলাকার ঢাকা টেনারি মোড়ে আয়োজিত বৈষম্য বিরোধী ছাত্র জনতার আন্দোলনে শহীদ পরিবারের সদস্যদের মাঝে আর্থিক অনুদান প্রদান ও দোয়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ডক্টর শফিকুল ইসলাম মাসুদ। ঢাকা মহানগরী দক্ষিণের কর্মপরিষদ সদস্য নুর নবী মানিকের সভাপতিত্বে ও ঢাকা মহানগরী দক্ষিণের কর্মপরিষদ সদস্য শেখ শরিফ উদ্দিনের সঞ্চালনায় এছাড়াও উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ইঞ্জি আলামিন, মহানগরী কর্মপরিষদ সদস্য আব্দুর রহমান, ঢাকা মহানগরী দক্ষিণের মজলিসে শূরা সদস্য শহিদুল ইসলাম সোহেল, মাহফুজ আলম, আখতারুল আলম সোহেল, মোঃ মজিবুর রহমান খান প্রমুখ।





# নিউজলেটার

বর্ষ ০১, সংখ্যা ০৩ । সেপ্টেম্বর ২০২৪

**প্রকাশনায়**

## বাংলাদেশ জামায়াতে ইসলামী
## ঢাকা মহানগরী দক্ষিণ

web: www.jamaatdhakacitysouth.org | email: info@jamaatdhakacitysouth.org